**প্রশ্ন -৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**


'X' একটি যৌগ যা আইপিএস-এর ব্যাটারিতে ব্যবহৃত হয় এবং সার কারখানার অতি প্রয়োজনীয় উপাদান। যৌগটি নীল লিটমাসকে লাল করে।

- ক. নির্দেশক কাকে বলে? ১  
খ. মিল্ক অফ লাইম বলতে কী বুঝায়? ২  
গ. উদ্দীপকের যৌগটির বৈশিষ্ট্য লেখ। ৩  
ঘ. উদ্দীপকের যৌগটিকে চুনের পানির সাথে মিশালে কী ঘটবে? সমীকরণসহ লেখ। ৪

▶◀ ৬নং প্রশ্নের উত্তর ▶◀



- ক. যে পদার্থ নিজের রং পরিবর্তনের মাধ্যমে কোনো একটি বস্তু অম্ল না বার না কোনোটিই নয় তা নির্দেশ করে তাকে নির্দেশক বলে।  
খ. মিল্ক অফ লাইম (Milk of Lime) বলতে পানি ( $\text{H}_2\text{O}$ ) ও ক্যালসিয়াম হাইড্রোক্সাইডের  $\text{Ca(OH)}_2$  তৈরি পেস্টকে বোঝায় যা পোকামাকড় দমনে ব্যবহৃত হয়।  
গ. উদ্দীপকের যৌগটি হলো সালফিউরিক এসিড ( $\text{H}_2\text{SO}_4$ )। নিচে এসিডের বৈশিষ্ট্যসমূহ বর্ণিত হলো :

● এসিডের মধ্যে এক বা একাধিক হাইড্রোজেন পরমাণু থাকে যারা পানিতে  $\text{H}^+$  উৎপন্ন করে। যেমন :




● সকল এসিড নীল লিটমাস কাগজের বর্ণ পরিবর্তন করে লাল বর্ণে পরিণত করে।


● প্রায় সকল এসিডই কার্বোনেট ও বাইকার্বোনেটের সাথে বিক্রিয়া করে কার্বন ডাইঅক্সাইড গ্যাস উৎপন্ন করে। যেমন :



● এসিড ধাতুর সাথে বিক্রিয়া করে বুদবুদ আকারে হাইড্রোজেন গ্যাস উৎপন্ন করে। যেমন :



● যেকোনো এসিড বারকের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে। যেমন—




ঘ. উদ্দীপকের যৌগটি হলো সালফিউরিক এসিড ( $\text{H}_2\text{SO}_4$ )। এ যৌগটিতে লাল লিটমাস কাগজে ডুবালে তা লিটমাস কাগজের বর্ণ পরিবর্তন করে নীল বর্ণে পরিণত করে। তবে যৌগটিকে চুনের পানির সাথে মিশালে এর ব্যতিক্রম ঘটনা ঘটবে।

চুনের পানি হলো ক্যালসিয়াম হাইড্রোক্সাইড  $\text{Ca(OH)}_2$  যা একটি বারক।

এর সাথে সালফিউরিক এসিড মিশালে যা ঘটবে তা নিম্নে সমীকরণসহ বর্ণিত হলো।

চুনের পানিতে থাকা ক্যালসিয়াম হাইড্রোক্সাইড যোগকৃত  $\text{H}_2\text{SO}_4$  এর সাথে বিক্রিয়া করে ক্যালসিয়াম সালফেট ও পানি উৎপন্ন করে। ফলে ধীরে ধীরে  $\text{Ca(OH)}_2$  এর পরিমাণ কমতে থাকে এবং যখন সব  $\text{Ca(OH)}_2$ ,  $\text{H}_2\text{SO}_4$  এর সাথে বিক্রিয়া করে ফেলে তখন লিটমাস কাগজের রং আর পরিবর্তন হয় না।



**প্রশ্ন -৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রহিমা বেগম পান খাওয়ার জন্য একটি পাত্রে চুন ভিজিয়ে রাখলেন। পাত্র থেকে চুন নেওয়ার সময় লব করলেন, পাত্রটি অনেক গরম এবং পাত্রে তার নিঃশ্বাস পড়ায় পানি খানিকটা ঘোলা হয়ে যায়।

- ক. এসিড কী? ১  
খ. নির্দেশক বলতে কী বুঝায়? ২  
গ. উদ্দীপকে উল্লিখিত পাত্রে ভিজানো যৌগটির বিভিন্ন বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩  
ঘ. উদ্দীপকে প্রথমে উৎপন্ন যৌগটি বার ও বারক উভয় ধর্ম প্রদর্শন করে— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

▶◀ ৬নং প্রশ্নের উত্তর ▶◀


ক. এসিড হলো ঐ সকল রাসায়নিক পদার্থ যাদের মধ্যে এক বা একাধিক হাইড্রোজেন পরমাণু থাকে এবং যারা জলীয় দ্রবণে  $\text{H}^+$  উৎপন্ন করে।

খ. যেসব পদার্থ নিজেদের রং পরিবর্তনের মাধ্যমে কোনো একটি বস্তু অম্ল না বার বা কোনোটিই নয় তা নির্দেশ করে তাদেরকে নির্দেশক বলে। লিটমাস কাগজ, মিথাইল অরেঞ্জ, ফেনোফথ্যালিন, মিথাইল রেড এগুলো নানা রকমের নির্দেশক যা একটি অজানা পদার্থ এসিড, বার না নিরপেক্ষ তা বুঝতে সাহায্য করে।

গ. সূজনশীল ২ (গ) নং উত্তর দেখ।

ঘ. সূজনশীল ২ (ঘ) নং উত্তর দেখ।

**প্রশ্ন -৭ ▶ নিচের বিক্রিয়াটি লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও**




- ক. ত্বুতের সংকেত কী? ১  
খ.  $\text{NH}_3$  বারধর্মী কেন? ২  
গ. বিক্রিয়াটি সম্পূর্ণ করে ব্যাখ্যা দাও। ৩  
ঘ. 'X' কী ধরনের যৌগ, উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪


▶◀ ৭নং প্রশ্নের উত্তর ▶◀

ক. ত্বুতের সংকেত  $\text{CuSO}_4 \cdot 5\text{H}_2\text{O}$ ।

খ.  $\text{NH}_3$  জলীয় দ্রবণে  $\text{OH}^-$  আয়ন দেয় বলে এটি বারধর্মী। যে সকল পদার্থ জলীয় দ্রবণে  $\text{OH}^-$  আয়ন দেয় তারা বারক।  $\text{NH}_3$  পানিতে দ্রবীভূত হয়ে  $\text{NH}_4\text{OH}$  উৎপন্ন করে, যা বিয়োজিত হয়ে  $\text{NH}_4^+$  ও  $\text{OH}^-$  আয়ন সৃষ্টি করে।




গ. প্রদত্ত বিক্রিয়াটি হলো :



দেখা যাচ্ছে যে, উদ্দীপকে সংঘটিত বিক্রিয়াটিতে বিক্রিয়াজাত পদার্থগুলো খাবার লবণ ও পানি এবং বিক্রিয়ক পদার্থ X ও সোডিয়াম হাইড্রোক্সাইড যা একটি বারক। সোডিয়াম হাইড্রোক্সাইড সোডিয়াম ক্লোরাইড ও পানি উৎপন্ন করতে পারে কেবল এসিডের সাথে বিক্রিয়া করে। অতএব, 'X' হলো একটি এসিড এবং নিশ্চিতরূপে হাইড্রোক্লোরিক এসিড HCl।

অতএব, বিক্রিয়াটি সম্পূর্ণ করে দেখা যায়,



ঘ. 'X' যৌগটি HCl। এটি একটি এসিড।

সৃজনশীল ১ (গ) নং উত্তর দেখ।

**প্রশ্ন -৮ ▶** নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

সুমন একটি বিকারে এক ধরনের তরল পদার্থ নিয়ে তাতে নীল ও লাল দুটি ভিনু রং এর লিটমাস কাগজ ডুবাল। সে লব করল একটির রং পরিবর্তন হলেও অন্যটির হচ্ছে না। তারপর সে বিকারের তরলে সোডিয়াম হাইড্রোক্সাইড যোগ করলে সাথে সাথে খাবার লবণ ও পানি উৎপন্ন হলো।


- ক. পানির সংকেত কী? ১  
খ. মিথেন এসিড নয় কেন? ২  
গ. লিটমাস কাগজগুলোর একটির রং পরিবর্তন হলেও অন্যটির না হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩  
ঘ. বিকারের তরলটি এসিড না বারক? তোমার উত্তরের সপর্বে যুক্তি দাও। ৪

▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. পানির সংকেত  $\text{H}_2\text{O}$ ।  
খ. মিথেন পানিতে  $\text{H}^+$  আয়ন তৈরি করে না বলে এটি এসিড নয়। যেসব রাসায়নিক পদার্থে এক বা একাধিক হাইড্রোজেন পরমাণু (H) থাকে এবং পানিতে  $\text{H}^+$  আয়ন উৎপন্ন করে তাদের এসিড বলে। মিথেনের সংকেত  $\text{CH}_4$ -এ দেখা যায় এই যৌগে চারটি হাইড্রোজেন পরমাণু আছে। কিন্তু এটি পানিতে  $\text{H}^+$  আয়ন উৎপন্ন করে না। তাই মিথেন এসিড নয়।  
গ. লিটমাস কাগজগুলোর দুইটি দুই রকমের ছিল বলে একটির রং পরিবর্তন হলেও অন্যটির হয়নি। লিটমাস কাগজ একটি নির্দেশক। কোনো অজানা দ্রবণ অম্ল না বার না নিরপেক্ষ তা নির্ণয় করতে এটি ব্যবহৃত হয়। সব লিটমাস সব ধরনের দ্রবণে একই রকম আচরণ করে না। নীল লিটমাস অম্লীয় দ্রবণে লাল বর্ণ ধারণ করে। আর লাল লিটমাস বারীয় দ্রবণে নীল বর্ণ ধারণ করে। কিন্তু নীল লিটমাস বারীয় দ্রবণে ও লাল লিটমাস অম্লীয় দ্রবণে বর্ণ পরিবর্তন করে না। সুমনের বিকারে যে তরল পদার্থ আছে তা যেকোনো একটি লিটমাসের বর্ণ পরিবর্তন করতে পারে। তরলটি এসিড হলে তা নীল লিটমাসের বর্ণ পরিবর্তন করে লাল করবে কিন্তু লাল লিটমাসের বর্ণ পরিবর্তন করবে না। আবার তরলটি বারক হলে তা লাল লিটমাসের বর্ণ পরিবর্তন করে নীল করবে কিন্তু নীল লিটমাসের বর্ণ পরিবর্তন করবে না। এটিই লিটমাস কাগজগুলোর একটির রং পরিবর্তন হলেও অন্যটির না হওয়ার কারণ।  
ঘ. বিকারের তরলটি এসিড। এর সপর্বে যুক্তি নিম্নরূপ :

- উদ্দীপকে উল্লিখিত সোডিয়াম হাইড্রোক্সাইড একটি বারক। বারকের সাথে কেবলমাত্র এসিড যোগ করলেই লবণ ও পানি উৎপন্ন হয়। সুতরাং বিকারের তরলটি এসিড।
- বিকারের তরলে যেকোনো নির্দেশক যেমন: মিথাইল অরঞ্জ, ফেনোফথ্যালিন, মিথাইল রেড ইত্যাদি যোগ করলে বর্ণ পরিবর্তন লব করা যাবে। এ থেকে প্রমাণিত হয় তরলটি এসিড।
- এর তরল জলীয় দ্রবণে হাইড্রোজেন আয়ন ( $\text{H}^+$ ) উৎপন্ন করে।
- এ তরল টক স্বাদযুক্ত। এসিড মাত্রই টক স্বাদযুক্ত হয়। সুতরাং বিকারের তরলটি এসিড।

**প্রশ্ন -৯ ▶** নিচের বিক্রিয়াটি লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. এসিটিক এসিডের সংকেত কী? ১  
খ. চূনাপাথরে HCl যোগ করলে বুদবুদ তৈরি হয় কেন? ২  
গ. উদ্দীপকের প্রথম বিক্রিয়কটি কোন ধরনের যৌগ? ব্যাখ্যা কর। ৩  
ঘ. বিভিন্ন বেত্রে উদ্দীপকের A যৌগটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

▶◀ ৯নং প্রশ্নের উত্তর ▶◀


- ক. এসিটিক এসিডের সংকেত হলো  $\text{CH}_3\text{COOH}$ ।  
খ. চূনাপাথরে HCl যোগ করলে ক্যালসিয়াম কার্বনেট ও হাইড্রোক্লোরিক এসিডের মধ্যে বিক্রিয়া ঘটে এবং ক্যালসিয়াম ক্লোরাইড ও কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন হয়। এ কারণেই বুদবুদ তৈরি হয়।  
$$\text{CaCO}_3 + 2\text{HCl} \longrightarrow \text{CaCl}_2 + \text{H}_2\text{O} + \text{CO}_2\uparrow$$
  
চূনাপাথর ক্যালসিয়াম ক্লোরাইড  
গ. উদ্দীপকের প্রথম বিক্রিয়কটি হলো  $\text{Ca}(\text{OH})_2$ । এটি বার জাতীয় যৌগ। কারণ—

- বারের সাথে এসিডের বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হয়। উদ্দীপকের বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হয়েছে। A একটি এসিড, যার সাথে  $\text{Ca}(\text{OH})_2$  বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে। সুতরাং এটি বার জাতীয় যৌগ।
- এতে লাল লিটমাস কাগজ ডুবালে, এটি নীল হয়ে যায়। সুতরাং বিক্রিয়কটি একটি বার।
- বিক্রিয়কটি পানিতে হাইড্রোক্সিল আয়ন ( $\text{OH}^-$ ) তৈরি করে। এটি বার বলেই এমনটি ঘটে।



সুতরাং উদ্দীপকের প্রথম বিক্রিয়কটি বার জাতীয় যৌগ।

ঘ. উদ্দীপকের বিক্রিয়াটি নিম্নরূপ :




উপরের বিক্রিয়ায়  $\text{Ca}(\text{OH})_2$  একটি বারীয় পদার্থ এবং উৎপন্ন  $\text{CaSO}_4$  একটি লবণ। সুতরাং A যৌগটি হলো একটি এসিড এবং এর নাম সালফিউরিক এসিড ( $\text{H}_2\text{SO}_4$ )। নিচে  $\text{H}_2\text{SO}_4$  এর গুরুত্ব বিশ্লেষণ করা হলো :

**বৃহৎ শিল্পে:** (১) অ্যামোনিয়াম সালফেট ও সুপার ফসফেট প্রভৃতি সার উৎপাদনে, (২) পেট্রোলিয়াম বিশোধনে, (৩) রেয়ন ও ওয়ুধ শিল্পে, (৪) তড়িৎ বিশ্লেষণ পদ্ধতিতে Cu ও Zn উৎপাদনে  $\text{H}_2\text{SO}_4$  বিশেষভাবে ব্যবহৃত হয়।

**বুদ শিল্পে:** (৫) বিদ্যুৎ কোষ প্রস্তুতিতে, (৬) বিভিন্ন প্রকার রং ও রঞ্জক শিল্পে, (৭) গিরসারিন, টলুইন, ফেনল প্রভৃতি জৈব যৌগ থেকে বিস্ফোরক প্রস্তুতিতে, (৮) HCl,  $\text{HNO}_3$  প্রভৃতি উদ্বায়ী এসিড প্রস্তুতিতে  $\text{H}_2\text{SO}_4$  ব্যবহৃত হয়।

**পল্লীবাগানে:** (৯) বিকারক হিসেবেও গাঢ়  $\text{H}_2\text{SO}_4$  ব্যবহৃত হয়ে থাকে। সুতরাং দেখা যাচ্ছে যে, বিভিন্ন বেত্রে উদ্দীপকের A যৌগ অর্থাৎ  $\text{H}_2\text{SO}_4$  এর ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন -১০ ▶** নিচের চিত্রদ্বয় লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. মানুষের পাকস্থলীতে কোন এসিড থাকে? ১  
 খ. নির্দেশক কী? ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের ক ও খ-এর রাসায়নিক বিক্রিয়ায় কী ঘটে? সমীকরণসহ লিখ। ৩  
 ঘ. উদ্দীপকের ক চিত্রের যৌগটির দৈনন্দিন জীবনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

▶▶ ১০নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. মানুষের পাকস্থলীতে হাইড্রোক্লোরিক এসিড (HCl) থাকে।  
 খ. যেসব পদার্থ নিজেদের রং পরিবর্তনের মাধ্যমে কোনো একটি বস্তু অমর না বার বা কোনোটিই নয় তা নির্দেশ করে তাই নির্দেশক। লিটমাস কাগজ, মিথাইল অরেঞ্জ, ফেনোফথ্যালিন, মিথাইল রেড এগুলো নানা রকমের নির্দেশক যা একটি অজানা পদার্থ এসিড, বার বা নিরপেক্ষ তা বুঝতে সাহায্য করে।  
 গ. উদ্দীপকের 'ক' ও 'খ'-এর রাসায়নিক বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হয়।

'ক' চিত্রের যৌগটি হলো H<sub>2</sub>SO<sub>4</sub> সালফিউরিক এসিড এবং 'খ' চিত্রের যৌগটি হলো : Ca(OH)<sub>2</sub> ক্যালসিয়াম হাইড্রোক্সাইড। 'ক' চিত্রে থাকা H<sub>2</sub>SO<sub>4</sub> 'খ' চিত্রের Ca(OH)<sub>2</sub> এর সাথে রাসায়নিক বিক্রিয়া করে ক্যালসিয়াম সালফেট ও পানি উৎপন্ন করে।



এখানে উৎপন্ন CaSO<sub>4</sub> হলো একটি লবণ। এতে লিটমাস কাগজের রঙের কোনো পরিবর্তন হয় না।  
 অতএব, উদ্দীপকের ক ও খ এর রাসায়নিক বিক্রিয়ায় এসিড বারকের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে।  
 ঘ. উদ্দীপকের 'ক' চিত্রের যৌগটি হলো H<sub>2</sub>SO<sub>4</sub>। এটি একটি খনিজ এসিড। দৈনন্দিন জীবনে এর গুরুত্ব অপরিসীম।  
 আমরা বিভিন্ন কাজে যেমন : আইপিএস, গাড়ি, মাইক বাজাতে, সৌর বিদ্যুৎ উৎপাদন ইত্যাদি বেত্রে যে ব্যাটারি ব্যবহার করি তাতে সালফিউরিক এসিড ব্যবহৃত হয়।  
 সার কারখানার অতি প্রয়োজনীয় একটি উপাদান হলো সালফিউরিক এসিড। এছাড়া ডিটারজেন্ট থেকে শুরব করে নানারকম রং, ঔষধপত্র, কীটনাশকসহ পেইন্ট, কাগজ, বিস্ফোরক ও রেয়ন তৈরিতে H<sub>2</sub>SO<sub>4</sub> ব্যবহৃত হয়।  
 কোনো দেশ কতটা শিল্পোন্নত তা বিচার করা হয় ঐ দেশ কতটুকু H<sub>2</sub>SO<sub>4</sub> ব্যবহার করে তার উৎস ভিত্তি করে।  
 সুতরাং বলা যায়, আমাদের দৈনন্দিন জীবনে এ এসিডের গুরুত্ব অনস্বীকার্য।



অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন - ১১ ▶** নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :  
 দুটি বিকারে দ্রবণ রাখা আছে। প্রথম বিকারের দ্রবণ টক স্বাদযুক্ত। এটি ওষুধ ও চামড়া শিল্পে ব্যবহৃত হয়। দ্বিতীয় বিকারের দ্রবণের স্বাদ কটু। এটি সাবান তৈরির মূল উপাদান। দ্রবণ দুটি একত্রে মিশালে স্বাদ ভিন্ন ধরনের হয়।



- ক. কী থেকে লিটমাস কাগজ তৈরি হয়? ১  
 খ. CaO বার নয় কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. দ্বিতীয় দ্রবণের বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩  
 ঘ. দ্রবণদ্বয় একত্রে মেশানোর ফলে স্বাদের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

▶▶ ১১নং প্রশ্নের উত্তর ▶▶


- ক. লিচেন নামক এক ধরনের গাছ থেকে প্রাপ্ত রঙের সাহায্যে লিটমাস কাগজ তৈরি করা হয়।  
 খ. ধাতব অক্সাইড, হাইড্রোক্সাইড ও ধাতুর ন্যায় ক্রিয়াশীল যৌগমূলকের হাইড্রোক্সাইড যা এসিডের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে তাকে বারক বলে। CaO এসিডের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে।  

$$\text{CaO} + \text{H}_2\text{SO}_4 = \text{CaSO}_4 + \text{H}_2\text{O}$$
 কাজেই CaO বারক। আবার পানিতে অতিমাত্রায় দ্রবণীয় হাইড্রোক্সাইড ও ধনাত্মক যৌগমূলকের হাইড্রোক্সাইডকে বার বলে। CaO এ হাইড্রোক্সাইড অনুপস্থিত এবং বারের সকল ধর্ম প্রদর্শন করে না। ফলে CaO বার নয়।  
 গ. দ্বিতীয় বিকারের দ্রবণের স্বাদ কটু এবং এটি সাবান তৈরির মূল উপাদান। সুতরাং এটি একটি বারক। এ দ্রবণের বৈশিষ্ট্য হলো—  
 ১. এটি পানিতে হাইড্রোক্সিল আয়ন (OH<sup>-</sup>) তৈরি করে।  
 ২. এটি লাল লিটমাসকে নীল করে।  
 ৩. এর দ্রবণ কটু স্বাদযুক্ত।  
 ৪. এর জলীয় দ্রবণ পিচ্ছিল মনে হয়।  
 ৫. দ্রবণটি এসিডের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করবে।

ঘ. প্রথম বিকারের দ্রবণ টক স্বাদযুক্ত। সুতরাং এটি এসিড। দ্বিতীয় বিকারের দ্রবণের স্বাদ কটু। সুতরাং এটি বার। প্রদত্ত দ্রবণ দুটি হলো এসিড ও বার। এসিডটি হলো HCl। কেননা HCl ওষুধ ও চামড়া শিল্পে ব্যবহৃত হয়। বারটি NaOH— কেননা NaOH সাবান তৈরির মূল উপাদান। NaOH এর সাথে HCl এর সংঘটিত বিক্রিয়াটি নিম্নরূপ :  

$$\text{NaOH} + \text{HCl} \rightarrow \text{NaCl} + \text{H}_2\text{O}$$
 প্রদত্ত বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হয়। লবণ অম্লধর্মী বা বারধর্মী নয়। এর স্বাদ টক বা কটু কোনোটিই নয়। এটি একটি নিরপেক্ষ যৌগ। আবার পানিও একটি নিরপেক্ষ যৌগ যার কটু বা তেতো স্বাদ নেই। সুতরাং উদ্দীপকের দ্রবণদ্বয় একত্রে মিশ্রণের ফলে ভিন্ন স্বাদযুক্ত পদার্থ উৎপন্ন হয়।  
 অতএব, এটাই দ্রবণদ্বয় একত্রে মেশানোর ফলে স্বাদের ভিন্নতার কারণ।

**প্রশ্ন - ১২ ▶** নিচের বিক্রিয়ায় লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. Mg(OH)<sub>2</sub> এর সাসপেনশানকে কী বলা হয়? ১  
 খ. বার ও বারকের পার্থক্য লেখ। ২  
 গ. A তে উৎপন্ন যৌগের ব্যবহার উল্লেখ কর। ৩  
 ঘ. উদ্দীপকে B এর স্থলে Na<sub>2</sub>CO<sub>3</sub> ব্যবহৃত হলে বিক্রিয়া সংঘটিত হবে কিনা? যুক্তি দাও। ৪

▶▶ ১২নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. Mg(OH)<sub>2</sub> এর সাসপেনশানকে মিল্ক অফ ম্যাগনেসিয়া বলা হয়।  
 খ. বার ও বারকের মধ্যে পার্থক্য নিম্নরূপ :  


বার	বারক
১. পানিতে অতিমাত্রায় দ্রবণীয় বারককে বার	১. ধাতুর অক্সাইড, হাইড্রোক্সাইড ও ধাতুর ন্যায় ক্রিয়াশীল

বার	বারক
বলে।	যোগমূলকের হাইড্রোক্সাইডকে বারক বলে।
২. বার মাত্রই পানিতে দ্রবণীয়।	২. পানিতে দ্রবীভূত হতে পারে আবার নাও হতে পারে।
৩. সকল বারই বারক।	৩. সকল বারক বার নয়।

গ. A হলো ক্যালসিয়াম হাইড্রোক্সাইড  $\text{Ca(OH)}_2$ । এটি একটি বারক। একে লাইম ওয়াটার বা চুনের পানিও বলা হয়। এর ব্যবহার নিম্নরূপ :

১. বিরচিং পাউডার তৈরিতে এটি ব্যবহৃত হয়।
২. আমাদের ঘরবাড়ি হোয়াইট ওয়াশ করার কাজে এটি লাগে।
৩. এর দ্বারা মিল্ক অফ লাইম তৈরি করা হয় যা পোকামাকড় দমনে ব্যবহৃত হয়।

ঘ. উদ্দীপকে B এর স্থলে  $\text{Na}_2\text{CO}_3$  দিলে বিক্রিয়া হবে। যেকোনো কার্বনেট লবণ এসিডের সাথে বিক্রিয়ায়  $\text{CO}_2$  উৎপন্ন করে। এখানে  $\text{H}_2\text{SO}_4$  একটি এসিড।  $\text{Na}_2\text{CO}_3$  ও  $\text{H}_2\text{SO}_4$  বিক্রিয়া করে সোডিয়াম সালফেট, কার্বন ডাইঅক্সাইড ও পানি উৎপন্ন করে। এ অবস্থায় বিক্রিয়াটি হবে—



অতএব, উপরিউক্ত যুক্তি অনুযায়ী দেখা যায় যে, উদ্দীপকে B এর স্থলে  $\text{Na}_2\text{CO}_3$  ব্যবহৃত হলে যথোপযুক্ত বিক্রিয়া হবে।


**প্রশ্ন -১৩▶** নিচের বৈশিষ্ট্যগুলো লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

১. একটি টেস্টটিউবে পাতলা হাইড্রোক্লোরিক এসিড নিয়ে এতে অল্প পরিমাণ দস্তার গুঁড়া যোগ করা হলো। একটি গ্যাসের বুদবুদ দেখা গেল।
২. কিছু চুন একটি বিকারে নিয়ে এতে ধীরে ধীরে পানি যোগ করা হলো। বিকার গরম হলো।
৩. একটি বিকারে চুনের পানি নিয়ে লিটমাস কাগজ ডুবিয়ে দেখা গেল কাগজের রং লাল থেকে নীল হয়ে গেল। এতে ধীরে ধীরে পাতলা  $\text{H}_2\text{SO}_4$  যোগ করে আবার লিটমাস কাগজ ডুবানো হলো। লিটমাস কাগজের রং আর পরিবর্তন হলো না।


- ক. বারক ও এসিডের বিক্রিয়ায় কী উৎপন্ন হয়? ১  
খ. খাবার সোডা ও হাইড্রোক্লোরিক এসিডের বিক্রিয়া ব্যাখ্যা কর। ২  
গ. ১নং ও ২নং বিক্রিয়ায় কী ঘটে তা ব্যাখ্যা কর। ৩  
ঘ. ৩নং বিক্রিয়ায় লিটমাস কাগজের রং প্রথমে পরিবর্তন হলেও পরে পরিবর্তন না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

▶▶ ১৩নং প্রশ্নের উত্তর ▶▶


ক. বারক ও এসিডের বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হয়।  
খ. খাবার সোডা ও হাইড্রোক্লোরিক এসিডের বিক্রিয়ায় সোডিয়াম ক্লোরাইড লবণ, পানি ও  $\text{CO}_2$  গ্যাস উৎপন্ন হয়। বিক্রিয়াটি নিম্নরূপ :



গ. ১নং পরীচায় টেস্টটিউবে হাইড্রোক্লোরিক এসিডের সাথে দস্তার গুঁড়া বিক্রিয়া করে হাইড্রোজেন গ্যাসের বুদবুদ উৎপন্ন হয়। উৎপন্ন গ্যাস হাইড্রোজেন কিনা তা পরীচায় জন্য টেস্টটিউবের মুখে একটি জ্বলন্ত কাঠি ধরলে দেখা যাবে পপ পপ শব্দ করে কাঠিটি জ্বলতে থাকে। হাইড্রোজেন ছাড়া অন্য গ্যাস হলে এমন শব্দ হতো না। বিক্রিয়াটি নিম্নরূপ :



২নং পরীচায় চুনে পানি যোগ করায় চুন ও পানির মধ্যে রাসায়নিক বিক্রিয়ার ফলে ক্যালসিয়াম হাইড্রোক্সাইড উৎপন্ন হয়। এই বিক্রিয়ায় উৎপন্ন তাপে পানি ফুটতে থাকে। এজন্য বিকার গরম হয়। বিক্রিয়াটি নিম্নরূপ :



ঘ. ৩নং পরীচায় চুনের পানি একটি বারকীয় পদার্থ। এজন্য এতে লিটমাস কাগজ ডুবালে কাগজের রং লাল থেকে নীল হয়ে যায়। চুনের পানির সাথে ধীরে ধীরে পাতলা  $\text{H}_2\text{SO}_4$  যোগ করতে থাকলে এক পর্যায়ে দেখা যাবে লিটমাস কাগজের রং আর পরিবর্তন হয় না। এর কারণ হলো চুনের পানিতে থাকা ক্যালসিয়াম হাইড্রোক্সাইড যোগকৃত  $\text{H}_2\text{SO}_4$  এর সাথে বিক্রিয়া করে ক্যালসিয়াম সালফেট লবণ ও পানি ( $\text{H}_2\text{O}$ ) উৎপন্ন করে। ফলে ধীরে ধীরে  $\text{Ca(OH)}_2$  এর পরিমাণ কমতে থাকে এবং যখন সব  $\text{Ca(OH)}_2$ ,  $\text{H}_2\text{SO}_4$  এর সাথে বিক্রিয়া করে তখন লিটমাস কাগজের রং আর পরিবর্তন হয় না এবং  $\text{Na}_2\text{CO}_3$  একটি কার্বনেট লবণ।  
 $\text{Ca(OH)}_2 + \text{H}_2\text{SO}_4 \rightarrow \text{CaSO}_4 + 2\text{H}_2\text{O}$   
বারক এসিড লবণ পানি  
এখানে উৎপন্ন ক্যালসিয়াম সালফেট হলো লবণ। লবণ নিরপেক্ষ পদার্থ। এ কারণেই লিটমাস কাগজের রং পরিবর্তন হয় না।

**প্রশ্ন -১৪▶** নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

শুষ্ক চুনে পানি যোগ করায় একটি দ্রবণ উৎপন্ন হলো। উৎপন্ন দ্রবণে লাল লিটমাস কাগজ পরিবর্তিত হয়ে নীল হয়ে গেল। এরপর তাতে  $\text{H}_2\text{SO}_4$  যোগ করা হলো।


- ক. এস্টাসিড কী? ১  
খ. লেবুর রস টক লাগে কেন? ২  
গ. উৎপন্ন দ্রবণের সাথে  $\text{H}_2\text{SO}_4$  এর যে বিক্রিয়া হয় তা সমীকরণসহ লেখ। ৩  
ঘ. বিক্রিয়ায় উৎপন্ন প্রথম যৌগ বিক্রিয়ক যৌগ থেকে ভিন্দুধর্মী—ব্যাখ্যা কর। ৪

▶▶ ১৪নং প্রশ্নের উত্তর ▶▶

ক. এস্টাসিড হলো একটি ঔষধ যা মূলত ম্যাগনেসিয়াম হাইড্রোক্সাইড [ $\text{Mg(OH)}_2$ ]।

খ. লেবুর রসে এসিড থাকে বলে টক লাগে। লেবুর রসে থাকে সাইট্রিক এসিড। এ এসিড খাওয়া যায় এবং মানবদেহের জন্য আবশ্যিক। এসিডসমূহ টক স্বাদযুক্ত হয়। এ কারণেই লেবুর রসও টক লাগে।

গ. শুষ্ক চুন হলো ক্যালসিয়াম অক্সাইড ( $\text{CaO}$ )। এতে পানি যোগ করায় যে দ্রবণটি উৎপন্ন হলো তা হলো ক্যালসিয়াম হাইড্রোক্সাইড  $\text{Ca(OH)}_2$ । যা একটি বারক এর সাথে  $\text{H}_2\text{SO}_4$  এসিড এর বিক্রিয়ায় লবণ (ক্যালসিয়াম সালফেট) ও পানি উৎপন্ন হয়। বিক্রিয়াটি নিম্নরূপ :





ঘ. বিক্রিয়ায় উৎপন্ন প্রথম যৌগ  $\text{CaSO}_4$  একটি নিরপেক্ষ যৌগ লবণ যার বৈশিষ্ট্য বিক্রিয়ক যৌগ এসিড ও বারের ধর্ম ও বৈশিষ্ট্য থেকে সম্পূর্ণ আলাদা।

১. এসিড নীল লিটমাস কাগজকে লাল করে এবং বার লাল লিটমাস কাগজকে নীল করে। কিন্তু  $\text{CaSO}_4$  এর জলীয় দ্রবণে লাল বা নীল লিটমাস কাগজ ডুবালে কাগজের রং পরিবর্তন হয় না।  $\text{CaSO}_4$  একটি নিরপেক্ষ যৌগ বলেই লিটমাস কাগজের রং অপরিবর্তনীয় থাকে।

২. এসিড ও বারের দ্রবণে বিভিন্ন নির্দেশক বিভিন্ন বর্ণ প্রদান করে। কিন্তু  $\text{CaSO}_4$  এর জলীয় দ্রবণে বিভিন্ন নির্দেশক যেমন : মিথাইল অরেঞ্জ, ফেনোফথ্যালিন, মিথাইল রেড যোগ করলে বর্ণের কোনো পরিবর্তন হয় না।  $\text{CaSO}_4$  এসিড ও বার থেকে ভিন্দুধর্মী বলেই এমনটি হয়।

৩.  $\text{CaSO}_4$  এর জলীয় দ্রবণ  $\text{H}^+$  বা  $\text{OH}^-$  আয়ন তৈরি করতে পারে না। সুতরাং বিক্রিয়ায় উৎপন্ন প্রথম যৌগ  $\text{CaSO}_4$  একটি লবণ। এটি বিক্রিয়ক যৌগ চুনের পানি ও  $\text{H}_2\text{SO}_4$  থেকে সম্পূর্ণ ভিন্দুধর্মী।

**প্রশ্ন -১৫▶** নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. চায়ে কোন এসিড থাকে? ১  
খ. অগ্নিনির্বাপক যন্ত্রে CO<sub>2</sub> গ্যাস ব্যবহার করা হয় কেন? ২  
গ. উদ্দীপকের বিক্রিয়ায় উৎপন্ন পদার্থদ্বয় কী ধরনের পদার্থ? ব্যাখ্যা কর। ৩  
ঘ. বিক্রিয়াগুলোর উৎপাদ বার ও বারক হলেও বিক্রিয়কদ্বয় শুধুমাত্র বারক— বিশেষণ কর। ৪

চট্টগ্রাম প্রকৌশল স্কুল ও কলেজ।

### ▶▶ ১৫নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. চায়ে সাধারণত ট্যানিক এসিড থাকে।  
খ. CO<sub>2</sub> গ্যাস দহনে সাহায্য করে না বলে এটি অগ্নিনির্বাপক যন্ত্রে ব্যবহার করা হয়।  
ক. কার্বন ডাইঅক্সাইড একটি অম্লধর্মী গ্যাস যা নিজে দাহ্য নয় এবং সাধারণভাবে অপরকে দহনে সাহায্য করে না। এ কারণেই অগ্নিনির্বাপক হিসেবে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। তাই অগ্নিনির্বাপক যন্ত্রে CO<sub>2</sub> গ্যাস ব্যবহার করা হয়।  
গ. বিক্রিয়ায় উৎপন্ন পদার্থদ্বয় হচ্ছে Ca(OH)<sub>2</sub> ও NH<sub>4</sub>OH। এরা বারজাতীয় পদার্থ।  
পানিতে দ্রবীভূত হয় এমন সব বারককে বার বলে। বারক হলো ধাতব অক্সাইড বা হাইড্রোক্সাইড। যেসব বারক পানিতে দ্রবীভূত হয় তাদেরকে বার বলে। বার হলো বিশেষ ধরনের বারক। Ca(OH)<sub>2</sub> ও NH<sub>4</sub>OH দুটোই ধাতব হাইড্রোক্সাইড। এদের অণুতে অক্সিজেন ও হাইড্রোজেন দুই ধরনের পরমাণুই আছে এবং এরা পানিতে OH<sup>-</sup> তৈরি করে। উপরন্তু এরা পিচ্ছিল ও কটু স্বাদযুক্ত হয়। এছাড়াও বারকের অন্যান্য সকল বৈশিষ্ট্য বহন করে। তাই এরা বারক জাতীয় পদার্থ।  
ঘ. বারক হলো মূলত ধাতব অক্সাইড বা হাইড্রোক্সাইড। কিছু কিছু বারক আছে যারা পানিতে দ্রবীভূত হয় আর কিছু আছে যারা দ্রবীভূত হয় না। বার হলো বিশেষ শ্রেণির বারক। যেসব বারক পানিতে দ্রবীভূত হয় তাদের বার বলে। NaOH, KOH, Ca(OH)<sub>2</sub>, NH<sub>4</sub>OH এরা সবাই বারক কিন্তু পানিতে দ্রবীভূত হওয়ায় বারও বলা হয়।  
পবাস্তরে, [Al(OH)<sub>3</sub>] কিন্তু পানিতে দ্রবীভূত হয় না। তাই এটি বারক হলেও বার নয়। উদ্দীপকের বিক্রিয়ায় নিম্নরূপ :  
(A)  $CaO + H_2O \longrightarrow Ca(OH)_2$   
(B)  $NH_3 + H_2O \longrightarrow NH_4OH$   
এখানে বিক্রিয়ক CaO ও NH<sub>3</sub> পানিতে দ্রবীভূত হয় না কিন্তু OH<sup>-</sup> আয়ন উৎপন্ন করে। কাজেই এরা বারক হলেও বার নয়। তবে উৎপাদদ্বয় Ca(OH)<sub>2</sub> ও NH<sub>4</sub>OH উভয়ই পানিতে দ্রবীভূত হওয়ায় বার এবং বারক।  
অতএব, উপরিউক্ত আলোচনা বিশেষণ করে বলা যায় যে, বিক্রিয়াদ্বয়ের উৎপাদদ্বয় বার ও বারক হলেও বিক্রিয়কদ্বয় শুধুমাত্র বারক।



### সৃজনশীল প্রশ্নব্যংক

**প্রশ্ন-১৬** সাগর একটি পাত্রে ধাতব হাইড্রোক্সাইডের দ্রবণ নিল। ধাতুটির অক্সাইডকে চুন বলা হয়। অপর একটি পাত্রে খনিজ এসিড নিল, যা আইপিএস এর ব্যাটারিতে ব্যবহৃত হয়। উভয় দ্রবণে লিটমাস কাগজ যোগ করাতে বর্ণ পরিবর্তন হলো।

- ক. খাবার সোডার সংকেত কী? ১  
খ. জৈব এসিড বলতে কী বুঝ? ২  
গ. সাগর পাত্রে দুটির দ্রবণ পরস্পরের সাথে মিশালে কী ঘটবে সমীকরণসহ লেখ। ৩  
ঘ. ১ম দ্রবণটি বারক না লবণ? বিশেষণ কর। ৪

**প্রশ্ন-১৭** অষ্টম শ্রেণির ছাত্রী নাহিদা একদিন দেখে যে, তাদের পাশের বাড়িতে চুনকাম হচ্ছে। সে লব করে সাদা রঙের এক ধরনের রাসায়নিক পদার্থ পানিতে মেশানোর ফলে পানি ফুটতে থাকে।

- ক. খাবার সোডা কী? ১  
খ. Mg(OH)<sub>2</sub> বারধর্মী কেন? ২  
গ. পানি ফোটানোর কারণ ব্যাখ্যা কর। ৩  
ঘ. এ পানিতে CO<sub>2</sub> চালনা করে HCl যোগ করলে কী ঘটবে সমীকরণসহ লেখ। ৪

**প্রশ্ন-১৮** নিচের পরিবর্তনগুলো লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

১. একটি বিকারে পানি নিয়ে তাতে খাবার লবণ যোগ করে ভালোভাবে নাড়ানো হলো। লিটমাস কাগজ লবণ-পানির মিশ্রণে ডুবানো হলো। কোনো পরিবর্তন হলো না।



২. জবা ফুল ও বাঁধাকপির নির্ধারিত তৈরি করে আলাদা আলাদা টেস্টটিউবে নিয়ে একে একে লেবুর রস ও চূনের পানি যোগ করে ভালোভাবে কাঁকানো হলো। নির্ধারিত রঙে পরিবর্তন লব করা গেল।

- ক. এসিডের প্রধান বৈশিষ্ট্য কী? ১  
খ. এসিড ও বারের বিক্রিয়ায় নির্দেশকের ভূমিকা কী? ২  
গ. ২নং পরীচয় জবা ফুল ও বাঁধাকপির নির্ধারিত অম্লরত্ন ও বারকত্ব কীভাবে শনাক্ত করবে? ৩  
ঘ. ১নং পরীচয় লিটমাস কাগজের রং পরিবর্তন না হওয়ার কারণ বিশেষণ কর। ৪

**প্রশ্ন-১৯** ঈশিতা জাক্ক ফুড খেতে পছন্দ করে। ইদানীং তার পেটে প্রায়ই ব্যথা হয়। ডাক্তারের কাছে গেলে তিনি জানানোর তার এসিডিটি সমস্যা রয়েছে। তিনি তাকে খাদ্যাভ্যাস পরিবর্তন করার পাশাপাশি একটি ওষুধ সেবনে পরামর্শ দেন।


- ক. বিরচিং পাউডার তৈরি হয় কী থেকে? ১  
খ. Al(OH)<sub>3</sub> একটি বারক কিন্তু বার নয় কেন? ২  
গ. ডাক্তার ওষুধ সেবনে পরামর্শ দেন কেন? ৩  
ঘ. ঈশিতার এসিডিটি হওয়ার জন্য দায়ী উপাদানটি কোন ধরনের যৌগ বিশেষণ কর। ৪



## অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন - ২০** ▶ নিচের বিক্রিয়া লব কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :





- ক. তুঁতে কী? ১  
খ. তুঁতের নীল দ্রবণে লোহার গুঁড়া যোগ করলে তা হালকা সবুজ বর্ণে পরিণত হয় কেন? ২  
গ. উদ্দীপকের B যৌগটির অম্লধর্মিতা পরীবার মাধ্যমে ব্যাখ্যা কর। ৩  
ঘ. উদ্দীপকের বিক্রিয়াদয় কোন প্রকৃতির? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

▶ ২০নং প্রশ্নের উত্তর ◀

- ক. তুঁতে হচ্ছে  $\text{CuSO}_4 \cdot 5\text{H}_2\text{O}$  এর স্ফটিক।  
খ. লোহার গুঁড়া ও তুঁতের মধ্যে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয়ে আয়রন সালফেট ( $\text{FeSO}_4$ ) ও কপার তৈরি হয়। এবেত্রে নিম্নরূপ বিক্রিয়া হয়:  $\text{Fe} + \text{CuSO}_4 \longrightarrow \text{FeSO}_4 + \text{Cu}$   
উৎপন্ন আয়রন সালফেটের রং হালকা সবুজ বলেই দ্রবণের রং নীল থেকে হালকা সবুজ হয়।  
গ. উদ্দীপকের প্রথম বিক্রিয়াটি হলো :  
 $\text{CaCO}_3 \longrightarrow \text{CaO} + \text{CO}_2$   
এখানে B যৌগটি অর্থাৎ,  $\text{CO}_2$  এর অম্লধর্মিতা পরীবার মাধ্যমে ব্যাখ্যা করা হলো :

কার্বন ডাইঅক্সাইড পানিতে দ্রবীভূত হলে দুর্বল কার্বনিক এসিড তৈরি করে। ফলে গ্যাসের দ্রবণ নীল লিটমাসকে লাল করে। কাজেই এটি অম্লধর্মী।




এ এসিডটি স্থিতিশীল নয়, দ্রবণেই শুধু এর অস্তিত্ব আছে, একে বিশুদ্ধভাবে পৃথক করা যায় না। তবে এর লবণসমূহ স্থিতিশীল এবং ধাতুর কার্বনেট হিসেবে প্রকৃতিতে বিদ্যমান। অম্লীয় হওয়ার কারণে এ গ্যাস বার ও বারীয় অক্সাইড দ্বারা শোষিত হয়।




অতএব, উদ্দীপকের B যৌগ বা  $\text{CO}_2$  এর অম্লধর্মিতা পরীবার মাধ্যমে ব্যাখ্যা করা যায়।

ঘ. উদ্দীপকের প্রথম বিক্রিয়াটি হলো :



উদ্দীপকের দ্বিতীয় বিক্রিয়াটি হলো :



এখানে প্রথম বিক্রিয়াটি হলো বিয়োজন বিক্রিয়া। কারণ এখানে দেখা যাচ্ছে যে, তাপ প্রয়োগের ফলে চূনাপাথর ভেঙে গিয়ে দুটি নতুন যৌগ উৎপন্ন করেছে। যেসব বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক যৌগ উৎপন্ন হয় তাদের বিয়োজন বিক্রিয়া বলে। দ্বিতীয় বিক্রিয়াটি সংযোজন বিক্রিয়া কারণ এখানে দুটি যৌগ বিক্রিয়া করে একটি যৌগ উৎপন্ন করেছে।



## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর



□ শূন্যস্থান পূরণ -----//

- এসিডসমূহ পানিতে — উৎপন্ন করে।
  - বার হলো এক ধরনের বারক যারা —।
  - সকল — কিন্তু সকল — নয়।
  - এসিড ও বারকের বিক্রিয়ায় — উৎপন্ন হয়।
  - এন্টাসিড হলো — জাতীয় পদার্থ।
- উত্তর : ১.  $\text{H}^+$ ; ২. পানিতে দ্রবীভূত হয়; ৩. বারই বারক, বারক বার; ৪. লবণ ও পানি; ৫. বার।

□ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন -----//

প্রশ্ন ১ ১ ১ এসিড ও বারকের মূল পার্থক্য কী?

উত্তর : এসিড ও বারকের মূল পার্থক্য হলো—

এসিড পানিতে হাইড্রোজেন আয়ন ( $\text{H}^+$ ) তৈরি করে আর বারক পানিতে হাইড্রোক্সিল আয়ন ( $\text{OH}^-$ ) তৈরি করে।

প্রশ্ন ১ ২ ২ সকল বারই বারক কিন্তু সকল বারক বার নয়— এ কথা ব্যাখ্যা কর।


উত্তর : বারক হলো মূলত ধাতব অক্সাইড বা হাইড্রোক্সাইড। কিছু কিছু বারক আছে যারা পানিতে দ্রবীভূত হয় আর কিছু আছে যারা পানিতে দ্রবীভূত হয় না। যেসব বারক পানিতে দ্রবীভূত হয় তাদেরকে বার বলে। তাহলে বার হলো বিশেষ ধরনের বারক যারা পানিতে দ্রবীভূত হয়।

$\text{NaOH}$ ,  $\text{Ca(OH)}_2$ ,  $\text{NH}_4\text{OH}$  এরা সবাই বার কারণ এরা পানিতে দ্রবীভূত হয়। এদেরকে কিন্তু বারকও বলা যায়। অন্যদিকে  $[\text{Al(OH)}_3]$  কিন্তু পানিতে দ্রবীভূত হয় না। তাই এটি একটি বারক হলেও বার নয়। অতএব বলা যায় যে, সকল বার বারক হলেও সকল বারক বার নয়।

প্রশ্ন ১ ৩ ১ ১ চূনের পানিতে কার্বন ডাইঅক্সাইড গ্যাস চালনা করলে কী ধরনের রাসায়নিক পরিবর্তন ঘটে তা বিক্রিয়াসহ লেখ।

উত্তর : চূনের পানিতে কার্বন ডাইঅক্সাইড গ্যাস চালনা করলে দেখা যায়, কিছুবর্ণের মধ্যেই পানি ঘোলা হয়ে গেছে। কারণ কার্বন ডাইঅক্সাইড চূনের পানিকে ঘোলা করে।

চূনের পানি হলো  $\text{Ca(OH)}_2$ । এ  $\text{Ca(OH)}_2$  কার্বন ডাইঅক্সাইডের সাথে বিক্রিয়া করে অদ্রবণীয়  $\text{CaCO}_3$  ও  $\text{H}_2\text{O}$  উৎপন্ন করে। এ সময় নিম্নরূপ রাসায়নিক পরিবর্তন ঘটে।



প্রশ্ন ১ ৪ ১ ১ বিশুদ্ধ পানি ও লবণ কি লিটমাস কাগজের রং পরিবর্তন করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

উত্তর : বিশুদ্ধ পানি ও লবণ লিটমাস কাগজের রং পরিবর্তন করে না। কারণ এরা নিরপেক্ষ পদার্থ।

এসিড ও বারের মধ্যে বিক্রিয়ার ফলে এসিড বা বারের ধর্ম সম্পূর্ণভাবে লোপ পেয়ে লবণ ও পানি উৎপন্ন হয়। এ বিক্রিয়াকে প্রশমন বিক্রিয়া বলে।

প্রশমন বলতে  $\text{H}^+ + \text{OH}^- = \text{H}_2\text{O}$  বিক্রিয়াকে বুঝায়। এ বেত্রে এসিড ও বারের বিক্রিয়ার ফলে উৎপন্ন লবণ ও পানিতে  $\text{H}^+$  বা  $\text{OH}^-$  আয়নের কোনোটিই অতিরিক্ত থাকে না। তাই লবণ ও পানিতে এসিড বা বারের কোনো ধর্ম প্রকাশ পায় না। পানি ও লবণ কোনোটিই নীল লিটমাসকে লাল বা লাল লিটমাসকে নীল করে না। কারণ এগুলো অম্লীয় বা বারকীয় নয়। ফলে লিটমাস কাগজের রং পরিবর্তন হয় না।

প্রশ্ন ১ ৫ ১ ১ নির্দেশক বলতে কী বোঝ?

উত্তর : যেসব পদার্থ নিজেদের রং পরিবর্তনের মাধ্যমে কোনো একটি বস্তু অম্ল না বার বা কোনোটিই নয় তা নির্দেশ করে তাদেরকে নির্দেশক বলে। লিটমাস কাগজ, মিথাইল অরেঞ্জ, ফেনোফথ্যালিন, মিথাইল রেড এগুলো নানা রকমের নির্দেশক যা একটি অজানা পদার্থ এসিড, বার না নিরপেক্ষ তা বুঝতে সাহায্য করে।



## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর



### □ জ্ঞানমূলক ----- //

প্রশ্ন ১ ১ ৥ ম্যালিক এসিড পাওয়া যায় কোন ফলে?

উত্তর : ম্যালিক এসিড পাওয়া যায় আনারসে।

প্রশ্ন ১ ২ ৥ এসিড কাকে বলে?

উত্তর : হাইড্রোজেন যুক্ত যেসব যৌগ পানিতে দ্রবীভূত হয়ে হাইড্রোজেন আয়ন (H<sup>+</sup>) উৎপন্ন করে, তাদের এসিড বলে। যেমন : HCl, HNO<sub>3</sub>, H<sub>2</sub>SO<sub>4</sub>, CH<sub>3</sub>COOH ইত্যাদি।

প্রশ্ন ১ ৩ ৥ নীলবর্ণের লিটমাস কাগজে কী যোগ করলে লাল বর্ণ ধারণ করে?

উত্তর : নীলবর্ণের লিটমাস কাগজে কোনো এসিড যোগ করলে তা লাল বর্ণ ধারণ করে।

প্রশ্ন ১ ৪ ৥ কাকে এসিডের বিপরীতধর্মী যৌগ বলা হয়?

উত্তর : বারককে এসিডের বিপরীতধর্মী যৌগ বলা হয়।

প্রশ্ন ১ ৫ ৥ কোনটি এসিড ও বারের সংস্পর্শে এসে রং বদলায়?

উত্তর : নির্দেশক এসিড ও বারের সংস্পর্শে এসে রং বদলায়।

প্রশ্ন ১ ৬ ৥ পানিতে দ্রবণীয় বারককে কী বলে?

উত্তর : পানিতে দ্রবণীয় বারককে বার বলে।

প্রশ্ন ১ ৭ ৥ ফেনফথ্যালিন কী?

উত্তর : ফেনফথ্যালিন একটি নির্দেশক যা এসিড ও বার দ্রবণ শনাক্ত করার জন্য ব্যবহার করা হয়।

প্রশ্ন ১ ৮ ৥ সোনাকে খাদমুক্ত করার কাজে কী এসিড ব্যবহৃত হয়?

উত্তর : সোনাকে খাদমুক্ত করার কাজে HNO<sub>3</sub> ব্যবহৃত হয়।

প্রশ্ন ১ ৯ ৥ মিল্ক অফ লাইম কী কাজে ব্যবহৃত হয়?

উত্তর : পোকামাকড় দমনের কাজে মিল্ক অফ লাইম ব্যবহৃত হয়।

প্রশ্ন ১ ১০ ৥ বারক ও এসিডের বিক্রিয়ায় কী উৎপন্ন হয়?

উত্তর : বারক ও এসিডের বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হয়।

### □ অনুধাবনমূলক ----- //

প্রশ্ন ১ ১ ৥ CH<sub>3</sub>COOH, HOOC-COOH, HCl, H<sub>2</sub>SO<sub>4</sub> এসব যৌগের মধ্যে মিল কোথায়?


উত্তর : এসব যৌগের মধ্যে মিল হলো এদের সবগুলোতেই এক বা একাধিক H আছে এবং এরা সবাই পানিতে হাইড্রোজেন আয়ন (H<sup>+</sup>) তৈরি করে।

প্রশ্ন ১ ২ ৥ NaOH, KOH, NH<sub>4</sub>OH, Ca(OH)<sub>2</sub> এসব যৌগের মধ্যে মিল কোথায়?

উত্তর : এসব যৌগের মধ্যে মিল হলো এদের সবগুলোতেই অক্সিজেন ও হাইড্রোজেন পরমাণু আছে এবং এরা সবাই পানিতে হাইড্রোক্সিল আয়ন (OH<sup>-</sup>) তৈরি করে।

প্রশ্ন ১ ৩ ৥ H<sub>2</sub>SO<sub>4</sub> কে এসিড বলা হয় কেন?


উত্তর : H<sub>2</sub>SO<sub>4</sub> পানিতে H<sup>+</sup> উৎপন্ন করে বলে একে এসিড বলা হয়।



এই এসিডের জলীয় দ্রবণ নীল লিটমাসকে লাল করে। এজন্য H<sub>2</sub>SO<sub>4</sub> কে এসিড বলা হয়।

প্রশ্ন ১ ৪ ৥ NaOH-কে বার বলা হয় কেন?

উত্তর : NaOH পানিতে OH<sup>-</sup> উৎপন্ন করে বলে একে বার বলা হয়।



এর জলীয় দ্রবণ লাল লিটমাসকে নীল করে। এজন্য NaOH কে বার বলা হয়।

প্রশ্ন ১ ৫ ৥ নিম্নলিখিত যৌগগুলোর মধ্য থেকে এসিড, বার ও বারক শনাক্ত কর।

CaO, H<sub>2</sub>CO<sub>3</sub>, Na<sub>2</sub>O, Ca(OH)<sub>2</sub>, HI, HBr, HNO<sub>3</sub>, KOH, Zn(OH)<sub>2</sub>, H<sub>2</sub>SO<sub>4</sub>

উত্তর : এসিড → H<sub>2</sub>CO<sub>3</sub>, HI, HBr, HNO<sub>3</sub>, H<sub>2</sub>SO<sub>4</sub>

বার → Ca(OH)<sub>2</sub>, KOH, Zn(OH)<sub>2</sub>

বারক → CaO, Na<sub>2</sub>O,

প্রশ্ন ১ ৬ ৥ জৈব ও খনিজ এসিডের মধ্যে পার্থক্য কী?

উত্তর : জৈব ও খনিজ এসিডের মধ্যে পার্থক্য নিম্নরূপ :


জৈব এসিড	খনিজ এসিড
১. প্রাণী বা উদ্ভিদের দেহে যে এসিড পাওয়া যায়, তাকে জৈব এসিড বলে।	১. খনিজ পদার্থ থেকে তৈরি এসিডকে খনিজ এসিড বলে।
২. এ ধরনের এসিডে কার্বন পরমাণু যুক্ত থাকে।	২. এ ধরনের এসিডে কার্বন পরমাণু যুক্ত থাকে না।
৩. জৈব এসিড খাওয়ার উপযোগী।	৩. খনিজ এসিড খাওয়ার উপযোগী নয়।

প্রশ্ন ১ ৭ ৥ আমাদের দৈনন্দিন জীবনে খনিজ এসিড কী কাজে লাগে?

উত্তর : আমাদের দৈনন্দিন জীবনে খনিজ এসিডের ব্যবহার অনস্বীকার্য। H<sub>2</sub>SO<sub>4</sub>, HNO<sub>3</sub>, HCl, H<sub>2</sub>CO<sub>3</sub> এগুলো খনিজ এসিড। আমরা বিভিন্ন কাজে যেমন : আইপিএস, গাড়ি, মাইক, সৌর বিদ্যুৎ উৎপাদন ইত্যাদি বেত্রে যে ব্যাটারি ব্যবহার করি তাতে H<sub>2</sub>SO<sub>4</sub> ব্যবহৃত হয়। সোনার গহনা তৈরির সময় স্বর্ণকাররা HNO<sub>3</sub> ব্যবহার করেন। বাসাবাড়িতে সাপের উপদ্রব কমাতে H<sub>2</sub>CO<sub>3</sub> ব্যবহৃত হয়।

প্রশ্ন ১ ৮ ৥ খাবার সোডাতে ভিনেগার যোগ করলে কী ধরনের বিক্রিয়া ঘটবে?

উত্তর : খাবার সোডা বারীয় পদার্থ ও ভিনেগার বা অ্যাসিটিক এসিড অম্লধর্মী পদার্থ। তাই এদের মধ্যে প্রশমন বিক্রিয়া সংঘটিত হবে এবং লবণ ও পানি উৎপন্ন হবে। বিক্রিয়াটি নিম্নরূপ :



খাবার সোডা বা ভিনেগার বা সোডিয়াম কার্বন ডাই পানি

বেকিং পাউডার অ্যাসিটিক এসিড অ্যাসিটেট অক্সাইড